

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সীতাকুণ্ড, চট্টগ্রাম

স্মারক নং-০০.১০.১৫৮৬.০০১.১৬.০৮৬.২০-

০৬

তারিখ: ০১ জানুয়ারী ২০২০ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰ কর্তৃক বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে ‘তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার’ পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেবার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৮০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) নৃন্যতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চ হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ: ৮০০/- প্রতিদিন পারিতোষিক: ৮০০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) নৃন্যতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চ হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।


বিদ্রোহ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- ১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৮০০ (কম/বেশি) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি- ২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বৰ্ক তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাত নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
- ৪) প্রয়োজনে নিজের মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৫) সকল পদের আবেদন ফরম আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে সীতাকুণ্ড উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবেনা।
- ৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮) খামের উপরে পদের নাম লিখে জমা দিতে হবে (একজন শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবে)।

অন্যান্য তথ্যাবলী:

- ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সীতাকুণ্ডের ওয়েবসাইট (www.sitakunda.chittagong.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়, সীতাকুণ্ডের ওয়েবসাইট (www.bbs.sitakunda.chittagong.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩) লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সঠিক্যজনক হলে তারা মূল শুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৪) আগামী ২০/০১/২০২০ তারিখ (সীতাকুণ্ড পৌরসভা, ১ নং সৈয়দপুর ইউপি, ২ নং বারৈয়াচালা ইউপি), ২১/০১/২০২০ তারিখ (৪ নং মুরাদপুর ইউপি, ৫ নং বাড়বকুন্ড ইউপি, ৬ নং বাঁশবাড়ীয়া ইউপি), ২২/০১/২০২০ খ্রি. তারিখ (৭ নং বুমিরা ইউপি, ৮ নং সোনাইছড়ি ইউপি, ৯ নং ভাটিয়ারী ইউপি, ১০ নং সলিমপুর ইউপি) প্রার্থীদের মৌখিক পরীক্ষা উপজেলা পরিসংখ্যান অফিস, সীতাকুণ্ড, চট্টগ্রাম এ নেয়া হবে।
- ৫) লিস্টিং অপারেশনের জন্য চুড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর নোটিশ বোর্ড এ প্রকাশ করা হবে।
- ৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।
- ৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতুদেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।


 ০১/০১/২০২০
 উপজেলা নির্বাহী অফিসার
 সীতাকুণ্ড, চট্টগ্রাম
 ও
 সভাপতি
 গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
 জনশুমারি ও গৃহগণনা ২০২১